

## টি-টেবিলের সজ্জা

- টি-টেবিলের ওপর একটি সুন্দর ট্রে রাখতে পারেন। ছোটখাটো দরকারি জিনিস, যেমন- টিভির রিমোট, চাবি, খবরের কাগজ টেবিলে এলোমেলোভাবে না রেখে ট্রে ওপর রাখুন।
- ঘরে ছোট শিশু না থাকলে নিজের পড়ার বইয়ের দু-একটা টেবিলের ওপর রাখতে পারেন।
- ট্রে বা টেবিলে রাখতে পারেন সুন্দর ডিজাইনের মোমবাতি।
- এত কিছু না রেখে সুন্দর কোনো ভাস্কর্যও রাখতে পারেন টেবিলে। এতে পুরো রুমের সৌন্দর্য বেড়ে যাবে।
- আর অবশ্যই রাখতে পারেন ফুল। এজন্য সুদৃশ্য ফুলদানি ব্যবহার করুন।
- পিতল বা অন্য কোনো মেটালের কারুকাজ করা পাত্রও রাখতে পারেন চায়ের টেবিলে।



## ডিশ ক্লিনার ভিন্ন ব্যবহার

খালাবাটি মাজতে যে তরল ডিশ ক্লিনার ব্যবহার করা হয় তা কিন্তু ঘরের আরো কিছু টুকটাকি কাজে ব্যবহার করা যায়। অনেক সমস্যা এতে যেমন সহজেই মিটে যাবে, তেমনি বাঁচবে খরচও।

- কাপড়ে তরকারি বা অন্য কোনো খাবার লেগে গেলে ওই জায়গাটি তরল ডিশ ক্লিনার দিয়ে ধুয়ে ফেলুন। দেখবেন সহজেই দাগ চলে গেছে।
- ঘরের মেঝে মুছতে যে পানি ব্যবহার করেন তাতে সামান্য একটু ডিশ ক্লিনার মিশিয়ে দিতে পারেন।
- চিরুনি এবং ঘরের বিভিন্ন ধরনের ব্রাশ পরিষ্কার করতে এই ডিশ ক্লিনার ব্যবহার করতে পারেন।
- কার্পেটে কোনো কিছুর দাগ লাগলে দুই কাপ হালকা গরম পানিতে এক টেবিল চামচ ডিশ ক্লিনার মেশান। তারপর একটি সাদা পরিষ্কার কাপড় সেই পানিতে ভেজান। এখন এই ভেজা কাপড়টি কার্পেটের দাগের ওপর চেপে ধরুন। এভাবে কয়েকবার করুন। এতে দাগ অনেকটা উঠে যাবে। সবশেষে কার্পেটের দাগের অংশটি পরিষ্কার পানি দিয়ে ধুয়ে নিন।
- রান্নাঘরের সিঙ্ক এবং ক্যাবিনেট ময়লা হলে সেগুলো পরিষ্কারে ডিশ ক্লিনার ব্যবহার করতে পারেন।

## নারকেল তেলের গুণাগুণ

নারকেল তেল আমাদের দেশে সহজলভ্য। গ্রামে বা মফস্বলে এখনো ঘরে নারকেল তেল তৈরির প্রচলন আছে। নারকেল তেল সৌন্দর্য চর্চার একটি প্রাকৃতিক উপাদান। বিভিন্ন কারণে এ নারকেল তেল ব্যবহার কার্যকর ও নিরাপদ। নারকেল তেল অন্য যে কোনো তেলের চেয়ে চুলে বেশি পরিমাণে প্রবেশ করে। তাই চুলের যত্নে এ তেল অত্যন্ত কার্যকর। চুলের পাশাপাশি ত্বকের যত্নেও নারকেল তেল বেশ ভালো ভূমিকা রাখে। কারণ এ তেলের অ্যান্টিবায়োটেরিয়াল ও অ্যান্টিফাঙ্গাল



গুণাগুণ আছে। নারকেল তেল খুবই ভালো ময়েশ্চারাইজারও। নারকেল তেল ত্বকের যেসব উপকার করে তার কয়েকটি নিচে তুলে ধরা হলো :

- হাতের ত্বক শুষ্ক, রক্ষ হয়ে গেলে নারকেল তেল লাগালে তা পুষ্টি পায় এবং রক্ষতা দূর হয়।
- চোখের মেকআপ তুলতে নারকেল তেল ব্যবহার করা যায়।
- মুখ পরিষ্কারে এ তেল ব্যবহার করতে পারেন। প্রথমে মুখ নারিকেল তেল দিয়ে ম্যাসাজ করুন। তারপর ফেসওয়াশ দিয়ে ধুয়ে ফেলুন। তবে ব্রণের সমস্যা থাকলে এবং আপনার ত্বক নারকেল তেল সহ্য করতে না পারলে এটি ব্যবহার করা উচিত নয়।